

স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১১- ২৪৮

তারিখ : ২৪ ডিসেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ  
১০ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ


### প্রজ্ঞাপন

বিষয়ঃ ০৬টি পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ২৮ ডিসেম্বর, ২০১৭ তারিখ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা।

The Negotiable Instruments Act, 1881 এর ২৫ ধারার ব্যাখ্যায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে পঞ্চগড় জেলার বোদা পৌরসভা, দিনাজপুর জেলার বিরল পৌরসভা, রাজশাহী জেলার বাঘা পৌরসভা, নাটোর জেলার বনপাড়া পৌরসভা, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা পৌরসভা ও জামালপুর জেলার বকশীগঞ্জ পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ২৮ ডিসেম্বর, ২০১৭ তারিখ বৃহস্পতিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

২। উল্লেখ্য, সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারী সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রেপতির আদেশক্রমে,

  
(মোঃ আলমগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১৪৪৯২  
reg4@mopa.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব,-----বিভাগ / মন্ত্রণালয়, (নির্বাচন কমিশন সচিবালয়সহ সংশ্লিষ্ট সকল) (তঁার অধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
- ৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর/রাজশাহী/ ঢাকা।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৩। জেলা প্রশাসক, পঞ্চগড়/দিনাজপুর/রাজশাহী/নাটোর/ফরিদপুর/ জামালপুর।
- ১৪। উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট (সকল)।
- ১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।